



উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েব সাইটঃ [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)



## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “পশুর চ্যানেলে ভল্টগেটটি উদ্ধারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে মোংলা বন্দর”

মোংলা বন্দরের হারবাড়িয়া এলাকায় একটি বাণিজ্যিক জাহাজ MV ELINA-B থেকে কয়লা নিয়ে ফিরে যাওয়ার সময় ফারদিন-১ ৩৫০ টন কয়লা বোঝাই একটি ভল্টগেট ডুবে যায়।

এ সম্পর্কে মোংলা বন্দরের বিবৃতি নিম্নরূপঃ-

এমভি ফারদিন-১ সোমবার (১৫ নভেম্বর) রাত আনুমানিক ৯:৩০ ঘঃ প্রায় ৩৫০ টন কয়লা নিয়ে চ্যানেলের পূর্ব দিকে রওনা দেয়। একই সময়ে মোংলা বন্দর থেকে ০২ টি মার্চেন্ট শীপ (বাণিজ্যিক জাহাজ) বন্দর ত্যাগ করছিল। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে ফারদিন-১ এ কোন কমিউনিকেশন সেট ছিলনা অথবা কমিউনিকেশন বন্ধ থাকায় তারা বাণিজ্যিক জাহাজের বন্দর ত্যাগের বিষয়টি বুঝতে পারে নাই। এজন্য তারা সরাসরি এমভি Handy Perth এর পিছনে গিয়ে ধাক্কা মারে ও চ্যানেলের পূর্ব দিকে গিয়ে ডুবে যায়।

এবিষয়ে সংশ্লিষ্ট এজেন্ট ও কেরিয়ার এর প্রাপ্ত তথ্য অনুযায়ী জানা যায়, এটি একটি একহেচ বিশিষ্ট ভল্টগেট যা পণ্য পরিবহনের জন্য নৌ পরিবহণ অধিদপ্তর কর্তৃক নিষিদ্ধ। এটার ধারণ ক্ষমতা ছিল ৪০০ টন এবং এতে আনুমানিক ৩৫০ টন কয়লা লোড দেয়া হয়। নৌ পরিবহণ অধিদপ্তর এর খুলনা অফিস এর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ ধরণের ভল্টগেট ব্যবহারের বিষয়ে কঠোর পদক্ষেপ নিবেন বলে মোংলা বন্দরকে জানিয়েছেন।

ভল্টগেটটিতে ০৫ জন নাবিক/শ্রমিক ছিল বলে জানা যায়, তার মধ্যে ০৩ জন নিখোজ হয়। দুর্ঘটনার পর পরই ঘটনা স্থলে মোংলা বন্দর কর্তৃপক্ষের একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাসহ ০১ টি টিম ও কোষ্ট গার্ডের ০২ টি টিম উদ্ধার কার্যক্রম চালায়। অদ্য বিকাল আনুমানিক ৫:৩০ ঘঃ কোষ্ট গার্ড ও স্থানীয় ডুবুরিরা ০২ জনের লাশ উদ্ধার করেছে বলে জানা যায়।

এ বিষয়ে মোংলা বন্দর কর্তৃপক্ষ ০৩ সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করেছে। খুব দ্রুতই ডুবন্ত জাহাজটি উদ্ধার করে চ্যানেল থেকে সরিয়ে নেয়া হবে। ডুবে যাওয়া ভল্টগেটটি চ্যানেলের পূর্ব দিকের সীমানায় থাকায় জাহাজ চলাচলে কোন বিঘ্ন হচ্ছে না।

স্বাক্ষরিত/-  
উপসচিব